



কুয়েতে ইরানি মিসাইল আঘাতে মার্কিন এফ-১৫ বিধ্বস্ত, পাইলট উদ্ধার



সংগৃহীত ছবি

কুয়েতের আকাশে ইরানি মিসাইলের আঘাতে একটি মার্কিন এফ-১৫ যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, বিমানটি নিয়ন্ত্রণ হারিয়ে হঠাৎ আকাশে পড়ে যায়।

ভিডিওতে অন্তত একজন পাইলট নিরাপদে ইজেক্ট করতে সক্ষম হয়েছেন। মার্কিন সামরিক বাহিনী এখনও দুর্ঘটনার কারণ সম্পর্কে কোনো মন্তব্য করেনি।

ইরানের জাতীয় নিরাপত্তা কর্মকর্তা আলি লারিজানি এক্সে পোস্টে বলেন, ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো আলোচনা করবে না। তিনি এ মন্তব্য করেন এমন প্রতিবেদনের জবাবে, যেখানে বলা হয়েছিল ইরান মধ্যস্থতাকারীদের মাধ্যমে যুক্তরাষ্ট্রের সঙ্গে পুনরায় আলোচনা শুরু করার প্রস্তাব দিয়েছে।

লারিজানি আরও বলেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ‘মিথ্যা আশ্বাস’ দিয়ে অঞ্চলটিকে বিশৃঙ্খলার দিকে ঠেলে দিয়েছেন। তিনি বলেন, ‘ভ্রান্ত পদক্ষেপের মাধ্যমে ট্রাম্প তার “আমেরিকা ফার্স্ট” নীতি বদলে “ইসরায়েল ফার্স্ট” তে রূপান্তর করেছেন এবং ইসরায়েলের স্বার্থে মার্কিন সেনাদের বলি দিচ্ছেন।’